

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২৯ আগস্ট পর্যন্ত পরীক্ষা স্থগিত

নিজস্ব প্রতিবেদক •

দেশের বন্যা পরিস্থিতিতে শিক্ষার্থীদের কথা বিবেচনা করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত আগামী ২৬ আগস্ট থেকে ২৯ আগস্ট পর্যন্ত পরীক্ষা স্থগিত করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক মো. ফয়জুল করিম গতকাল এ তথ্য জানান।

তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৫ সালের ডিগ্রি পাস ও ২০১৬ সালের স্নাতক সম্মান চতুর্থ বর্ষের ২৬ থেকে ২৯ আগস্ট পর্যন্ত পরীক্ষা স্থগিত করা হয়েছে।

স্থগিত এসব পরীক্ষার সংশোধিত সময়সূচি পরে জানিয়ে দেওয়া হবে বলে জানান তিনি।